

ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের অনুকূলে ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি)'র কপি।
- (২) HydroChina Corporation হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- DSTP-O&M-HydroChina-DWASA-EE-0263/25; Date: 19/10/2025.
- (৩) দর সংগ্রহের জন্য স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠান বরাবর প্রেরিত পত্রের স্মারক নং-৪৬.১১৩.৬৩৭.০০.১২১.২০২৫-৪৪৮; তারিখঃ ৩০/১০/২০২৫ইং।
- (৪) Earth International হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০২/১১/২০২৫ইং।
- (৫) R.I Enterprise হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০২/১১/২০২৫ইং।
- (৬) AR Corporation হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০২/১১/২০২৫ইং।
- (৭) প্রাপ্ত দরের ভিত্তিতে তৈরীকৃত তুলনামূলক বিবরণী।
- (৮) প্রস্তুতকৃত প্রাক্কলন।


বিষয়ঃ “Removal of 78% Sludge Cake inside of the plant for Internal Sludge Management of Dasherakandi STP”
শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং-১ হতে ৮ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রীয় ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারের আওতায় ১টি $6m^3/s$ ক্ষমতাসম্পন্ন Sewage Lifting Station (SLS) রয়েছে। উক্ত Sewage Lifting Station (SLS) এর মাধ্যমে হাতিরঝিলের উভয় পার্শ্বে বিদ্যমান Diverted Sewer Line এর মধ্য দিয়ে আগত পয়ঃবর্জ্য দাশেরকান্দি পয়ঃশোধনাগারে শোধন করা হয়। পরবর্তীতে প্রাপ্ত Effluent গজারিয়া খাল এর মাধ্যমে নড়াই খাল হয়ে বালু ও শীতলক্ষ্যা নদীতে নিষ্কাশন করা হয়। ফলে হাতিরঝিল ও তৎসংলগ্ন এলাকার পরিবেশের মান উন্নয়নের পাশাপাশি সংশ্লিষ্ট নদীর পানির দূষণ বহুলাংশে কমে গিয়েছে। আলোচ্য পয়ঃশোধনাগারটি Biological Process System -এ পরিচালনা করা হয়। Primary Sedimentation Tank (PST) ও Secondary Sedimentation Tank হতে সংগৃহীত ৯৬-৯৯% Moisture যুক্ত Sludge, Thickening & Dewatering এর পরে ৭৮% Moisture যুক্ত Sludge Cake এ পরিণত করা হয়। Sludge Cake পরবর্তীতে Sludge Drying & Incineration Plant (SDIP) G Incinerate করা হয়। Thickening & Dewatering System Ges Sludge Drying & Incineration Plant (SDIP) নিয়মিতভাবে রক্ষণাবেক্ষনের জন্য প্রায়ই যেকোন ১টি লাইন বন্ধ রাখার প্রয়োজন হয়। ফলে উক্ত সময়ে Sludge, AAO Tank, SST I PST -তে স্বাভাবিকের চেয়ে বেশি পরিমাণ জমা হয়ে গিয়েছে। উল্লেখ্য Sludge Volume (SV)-30 এর পরিমাণ স্বাভাবিক অবস্থায় ৩০-৪০% এবং Mixed Liquid Suspended Solid (MLSS) এর পরিমাণ ২৪০০-৩২০০ mg/l এর মধ্যে রাখার প্রয়োজন হয়। বর্তমানে Sludge Volume (SV)-30 এর পরিমাণ ৯৫-৯৭% এবং Mixed Liquid Suspended Solid (MLSS) এর পরিমাণ ২৫০০-৩০০০ mg/l বিদ্যমান রয়েছে। যা Rotary kiln মেরামত পরবর্তী সময়ে ৪০০০ mg/l এর অধিক হতে পারে। ফলে পয়ঃবর্জ্য শোধন প্রক্রিয়া স্বাভাবিক রাখার স্বার্থে জরুরী ভিত্তিতে ৭৮% Moisture hy^3 Sludge Cake পয়ঃশোধনাগারের অভ্যন্তরে অপসারণ করা প্রয়োজন। এ বিষয়ে HydroChina Corporation আলোচ্য দপ্তরে ১টি পত্র প্রেরণ করেছে (ক্রমিক নং-২ দ্রঃ) সে লক্ষ্যে স্থানীয় বাজার হতে দর সংগ্রহের লক্ষ্যে স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করা হয় (ক্রমিক নং- ৩ দ্রঃ)। প্রাপ্ত দরের ভিত্তিতে ১টি তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৪ হতে ৭ দ্রঃ)। তুলনামূলক বিবরণী হতে সর্বনিম্ন একক দরের ভিত্তিতে ১টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৮ দ্রঃ)। প্রাক্কলিত মোট মূল্য ৪,৯৯,৫০০.০০ (চার লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত টাকা) মাত্র। উল্লেখ্য, পিপিআর-২০২৫ অনুযায়ী বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি কর্তৃক অনুমোদনের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে ১টি কমিটির প্রস্তাব অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে; যা সময় সাপেক্ষ বিধায় জরুরী ভিত্তিতে আলোচ্য কাজ সম্পাদনের লক্ষ্যে উক্ত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। আলোচ্য ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় অনুমোদিত ২০২৫-২০২৬ অর্থ বছরের রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant (O&M) (01-04-011) খাত হতে এবং বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৪৯ হতে নির্বাহ করা হবে। এছাড়া, অপাসারনকৃত পয়ঃবর্জের প্রকৃত পরিমাপের ভিত্তিতে বিল প্রদান করা হবে।

০৩। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Operation and Maintenance কার্যক্রম সুষ্ঠু ও নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার স্বার্থে ৭৮% Moisture যুক্ত Sludge Cake পয়ঃশোধনাগারের অভ্যন্তরে অপসারণ করার জন্য "Removal of 78% Sludge Cake inside of the plant for Internal Sludge Management of DasherKandi STP" কাজটি PPR-2025 এর ৯৯(১)(ড) অনুযায়ী Earth International এর মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যে ৪,৯৯,৫০০.০০ (চার লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত টাকা) (VAT ও IT সহ) টাকার অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।


3/12/2025

মোঃ কামাল উদ্দিন
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।






03.12.2025

মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।




03/12/2025

মোঃ মোমতাজুর রহমান
নিবাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


04/12/25
CE/DMD (GEN)


মোঃ মুস্তাফিজুর রহমান
(মুদ্রাসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা।




MDP 28/12
2025

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

SE (W&STP)
03/12/25


03.12.2025

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃশোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।